দৈনিক সংবাদ

তারিখ ... 15 MAY 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

42

জনতা-পুলিশ সংঘর্ষ ।। ভাঙচুর

# কুমিল্লা বোর্ডের বিজ্ঞানের প্রশ্ন ফাঁস ।। পরীক্ষা স্থগিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৪ই মে।– আজ কুমিল্লা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার প্রথমপত্র সাধারণ বিজ্ঞানের প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ায় পরীক্ষা স্থগিত করা হয়েছে। আর এই ঘটনায় চট্টগ্রাম ও কুমিল্লায় ভাঙচুরের ঘটনা ঘটেছে।

চট্টগ্রামেজনতা–পুলিশসহ সংঘর্ষে আহত হয়েছে ১০জন। আজ সকালে পরীক্ষা চলাকালে নোয়াখালী সদর ও চাটখিল উপজেলা থেকে হাতে লেখা সাধারণ বিজ্ঞান প্রথমপত্রের প্রশ্ন উদ্ধার করা হয়। উদ্ধারকৃত প্রশ্নপত্রের সাথে বোর্ডের ছাপানো প্রশ্নপত্রের ১১টি প্রশ্নের হুবহু মিল রয়েছে। ঘটনার ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয় ৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেছে।

বেলা ১১টার দিকে বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষা স্থগিত করার ঘোষণা বিভিন্ন কেন্দ্রকে জানিয়ে দেন।

বেলা ১২টায় পটিয়া হাইস্কুল কেন্দ্রে খাতা নিয়ে নেবার সময় পরীক্ষার্থীরা উত্তেজিত হয়ে ওঠেন। তারা বাইরে বেরিয়ে আসার সময় কক্ষ ভাঙচুর এবং ইটপাটকেল নিক্ষেপ করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ ৩ রাউণ্ড ফাঁকা গুলী ছোড়ে। তাতে উত্তেজনা আরো বেড়ে যায়। জনতা–পুলিশ সংঘর্ষকালে উপজেলা পরিদর্শক আব্দুল হাই ভুঁইয়া, ফখরুল হাসান ও আবদুস সালাম ছাড়াও পুলিশ–জনতাসহ ১০ জন আহত হয়।

শহরের মুসলিম হাইস্কুলে বিক্ষুব্ধ পরীক্ষার্থীরাও পরীক্ষাকক্ষ ভাঙচুর করে। এসময় দেড় ঘন্টা যানবাহন চলাচল স্থগিত ছিল। তবে জেলার অধিকাংশ কেন্দ্রেই অর্ধেকের বেশী সময় পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পটিয়া থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গতকাল সকালের পরীক্ষা স্থগিত করায় চন্দনাইশ কেন্দ্রে পরীক্ষার্থীরা বিক্ষুব্ধ ও বাইরে অপেক্ষারত অভিভাবকরাও উত্তেজিত হয়ে ওঠে। তারা কক্ষ ভাঙচুর করে। এমনকি ইউএনও'র গাড়ী (চট্টগ্রাম ঘ–৬০২৮) ভাঙচুর করে। জনতা–পুলিশ সংঘর্ষে ১০ জন আহত হয়। ঘটনাস্থল থেকে পুলিশ শাহাদাত হোসেন (১৯) নামে একজন যুবককে গ্রেফতার করেছে।

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা

( শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ )

## বিজ্ঞানের প্রশ্নপত্র ফাঁস

(১ম পাতার পর)

জানান, প্রশ্নপত্র ফাঁস হয়ে যাবার পর কুমিল্লা পাইলট স্কুল ও বুড়িচংয়ে পরীক্ষার্থীরা ভাঙচুর করে।

রাঙ্গামাটি থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গতকাল সকালে প্রথম পত্র সাধারণ বিজ্ঞান পরীক্ষা ২ ঘন্টা ২৫ মিনিট চলার পর প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ায় পরীক্ষা স্থগিত করা হয়।

এদিকে কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ জানিয়েছেন, স্থগিত পরীক্ষার সময় পরে ঘোষণা করা হবে। তবে অন্যান্য পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে।